

■■ চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: তোমাকে যখন জিজ্ঞেস করা হয়, আল্লাহর নিকট আমল কবুল হওয়ার শর্তসমূহ কী কী?

উত্তর: বল, দু'টি শর্ত পাওয়া না গেলে আল্লাহর নিকট আমল কবুল হয় না। প্রথম শর্ত: একমাত্র আল্লাহর জন্যে আমল করা। এর দলীল আল্লাহ তাআলার বাণী:

"আর তাদেরকে কেবল এই নির্দেশ দেওয়া হয়েছে যে, তারা যেন আল্লাহর ইবাদত করে তার জন্য দীনকে একনিষ্ঠ করে"। [সূরা আল-বায়্যিনাহ, আয়াত: ৫] তিনি আরো বলেন,

[۱۱۰ :فَمَن كَانَ يَرا َجُواْ لِقَآءَ رَبِّهِ قَلْ اللهف الله عَمَلًا صَلِحًا وَلَا يُشاوِك البِعِبَادَةِ رَبِّهِ أَحَدَا [الكهف المرب الكهف الكهف المرب الكهف المرب الكهف المرب الكهف المرب الكهف المرب الكهف المرب الكهف الكهف الكهف المرب الكهف الكهف المرب الكهف الكهف الكهف المرب الكهف ا

দ্বিতীয় শর্ত: আমলটি সেই শরীয়ত মোতাবেক হওয়া, যা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিয়ে এসেছেন। এর দলীল আল্লাহ তা'আলার বাণী:

"বল, যদি তোমরা আল্লাহকে ভালোবাসো, তাহলে আমার অনুসরণ কর। ফলে আল্লাহ তোমাদেরকে ভালোবাসবেন"। [সূরা আল-ইমরান, আয়াত: ৩১] আর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণী: "যে এমন আমল করল যার ওপর আমাদের আদর্শ নেই, সেটি প্রত্যাখ্যাত"। এটি সহীহ মুসলিম বর্ণনা করেছেন। অতএব আমলটি যদি রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আদর্শ মোতাবেক না হয়, তাহলে সেটি কবুল করা হবে না। যদিও আমলকারী মুখলিস হয়।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=9952

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন